# শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

সকল প্রশংসা সৃষ্টিকুলের রব আল্লাহর জন্য; আর সালাত ও সালাম আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের প্রতি এবং তাঁর পরিবার-পরিজন, সকল সাহাবীগণ ও কিয়ামতের দিন পর্যন্ত যারা তাঁদের যথাযথ অনুসরণ করবে, তাদের উপর রহমত ও শান্তি বর্ষিত হউক।

আল্লাহ তা‘আলা তাঁর কুরআনকে রক্ষা ও প্রতিরক্ষার দায়িত্ব গ্রহণ করেছেন; আল্লাহ তা‘আলা বলেছেন:

﴿ إِنَّا نَحۡنُ نَزَّلۡنَا ٱلذِّكۡرَ وَإِنَّا لَهُۥ لَحَٰفِظُونَ ٩ ﴾ [الحجر: ٩]

“নিশ্চয় আমরাই কুরআন নাযিল করেছি এবং আমরা অবশ্যই তার সংরক্ষক।” - (সূরা আল-হিজর: ৯)। আর কুরআনের মাধ্যমে তিনি তাঁর দ্বীনকে সংরক্ষণ করবেন। আল্লাহ তা‘আলা তাঁর দীনকে সংরক্ষণ করার জন্য কতিপয় উপায় ঠিক করেছেন। তন্মধ্যে গুরুত্বপূর্ণ একটি উপায় হলো আল্লাহ তা‘আলা কর্তৃক তাওহীদবাদী উম্মাতের আলেমগণকে ইসলামের ব্যাপারে প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলার এবং বিদ‘আত ও তার ভয়াবহতা বর্ণনা করার তাওফীক প্রদান। আর এ ব্যাপারে তাওফীকপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে অন্যতম একজন ছিলেন শাইখুল ইসলাম আহমদ ইবন তাইমিয়্যা র., কেননা, তিনি এই মহান বিষয়ে মহৎ ভূমিকা রেখেছেন এবং এই সংগ্রামে সুন্দর বীরত্ব প্রদর্শন করেছেন। তাঁর সংগ্রামের ফসল ছিল তাঁর রচিত ও লিখিত অনেক গ্রন্থ (আল্লাহ সেগুলো কবুল করুন)। প্রত্যেক সুন্নাহপ্রেমী ও সুন্নাহর অনুসারী ব্যক্তি এবং কল্যাণ ও হকের অনুসারী প্রত্যেক ব্যক্তি সে গ্রন্থগুলো প্রকাশের ব্যাপারে চেষ্টাসাধনা করেছেন; আর ইসলামের প্রতিরক্ষাকারী ও তার অনুসারী প্রত্যেক ব্যক্তি তা প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছেন; তন্মধ্যে বাদশা আবদুল আযীয আলে সাউদ (র.) ছিলেন অন্যতম। তিনি শাইখুল ইসলাম আহমদ ইবন তাইমিয়্যা (র.) এর গ্রন্থগুলো মুদ্রণ ও প্রকাশনার বরকতময় মহান উদ্যোগ গ্রহণ করেন এবং তা যথাযথ তত্ত্বাবধান করেন; আর তাঁর পরবর্তীতে এই ব্যাপারে তাঁর নীতির অনুসরণ করেন তাঁর পুণ্যবান ছেলে সন্তানগণ- আল্লাহ তা‘আলা তাঁদের মধ্যকার মৃতদের প্রতি রহম করুন এবং জীবিতদেরকে তাওফীক দান করুন, আর তাঁদের মাঝে বরকত নাযিল করুন। শাইখুল ইসলাম আহমদ ইবন তাইমিয়্যা র. এর মিনহাজুস সুন্নাহ আন-নবুবিয়্যাহ (منهاج السنة النبوية) নামক গ্রন্থটি হল তাঁর গুরুত্বপূর্ণ গ্রন্থগুসমূহের অন্যতম একটি; আর তার বড় একটি অংশের ব্যাপারে আলেমগণ পাঠনে ও সারসংক্ষেপ করার গুরুত্ব দিয়ে থাকেন। এরই ধারাবাহিকতায় সাউদী ফতোয়া বিভাগের নেতৃত্বে তা মূদ্রণ এবং শিক্ষার্থীদের মাঝে বণ্টনের ব্যবস্থা করা হয়েছে; আর অনুরূপভাবে ইমাম মুহাম্মদ ইবন সাউদ র. বিশ্ববিদ্যালয় তার প্রকাশনা ও মুদ্রণের করেছে; কারণ, সকল মুসিলমের নিকট এই গ্রন্থটির গুরুত্ব অনেক বেশি। সাউদী রাষ্ট্রের প্রাক্তন গ্রাণ্ড মুফতী শাইখ আবদুল্লাহ ইবন বায র. এর সভাপতিত্বে গঠিত রাষ্ট্রের স্থায়ী ফতোয়া বোর্ড এই গ্রন্থটি পাঠ করার এবং তা থেকে ফায়দা হাসিলের উপদেশ দিয়েছে।

এই জন্য আমি পছন্দ করেছি যে, আমি এ মূল্যবান গ্রন্থটিকে হাতের নাগালে নিয়ে আসব এবং তার উপকারিতাকে ব্যাপক করার কাজে অংশগ্রহণ করব; ফলে আমি তার উপর কতগুলো প্রশ্ন প্রণয়নের ব্যবস্থা করেছি এবং সেসব প্রশ্নের উত্তর আমি শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা র. এর বক্তব্য থেকে কোনো প্রকার বৃদ্ধি করা বা পাঠাংশের মধ্যে কোনো প্রকার পরিবর্তন ছাড়াই সম্পাদন করেছি- আল্লাহ শাইখুল ইসলামকে রহম করুন এবং তাঁকে ক্ষমা করুন। আল্লাহ এটাকে ভালোভাবে ইসলাম ও মুসলিমগণের কাজে লাগান এবং ঐ ব্যক্তিকে দ্বিগুণ পুরস্কার দান করুন, যিনি আল্লাহ তা'আলার প্রতিদানের প্রত্যাশায় তাঁর গ্রন্থসমূহ প্রকাশ করা এবং তা বণ্টন করার ব্যবস্থা করেছেন।

* * *

সকল প্রশংসা সৃষ্টিকুলের রব আল্লাহর জন্য; আর সালাত ও সালাম আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের প্রতি এবং তাঁর পরিবার-পরিজন, সকল সাহাবীগণ ও কিয়ামতের দিন পর্যন্ত যারা তাঁদের যথাযথ অনুসরণ করবে, তাদের উপর রহমত ও শান্তি বর্ষিত হউক।

এসব প্রশ্ন ও উত্তর আবর্তিত হয় রাফেযী (শিয়া) মতবাদকে কেন্দ্র করে এবং ঐসব ব্যক্তিদেরকে কেন্দ্র করে, যারা নিজেদেরকে শিয়া, ইমামিয়্যা, জাফরিয়্যা এবং দ্বাদশ ইমামীয় নামে আখ্যায়িত করতে স্বাচ্ছন্দ্যবোধ করে; মূলত এ হচ্ছে কতগুলো নাম যা বাস্তব অর্থে এক এবং একটি দল বা সম্প্রদায়কে বুঝায়। আর এরা আমাদের বর্তমান যুগের শিয়া সম্প্রদায়ের বড় বড় দল।

এ গ্রন্থের উত্তরগুলো শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা র. এর বক্তব্য থেকে নেয়া হয়েছে, যা তাঁর মূল্যবান গ্রন্থ মিনহাজুস সুন্নাহ আন-নবুবিয়্যাহ (منهاج السنة النبوية) এর মধ্যে রয়েছে। যে ব্যক্তি আরও ব্যাপকভাবে অধ্যয়ন করতে চায়, সে যেন তাঁর মূলগ্রন্থটি অধ্যয়ন করে। এই উত্তরগুলো কোনো প্রকার সংযোজন বা বৃদ্ধি করা ছাড়াই শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা র. এর বক্তব্যের মধ্যে সীমাবদ্ধ। শিয়া সম্প্রদায়ের ব্যাপারে শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা র. এর এ বক্তব্যসমূহ, তাদের মতবাদ ও মতবাদের বর্ণনাসমূহের ব্যাপারে তাঁর ব্যাপক জ্ঞান ও অভিজ্ঞতারই প্রমাণ বহন করে। তিনি এমনভাবে তা বর্ণনা করেছেন যে, তাতে তাদের মূলনীতির অবকাঠামো নষ্ট হয়ে গেছে, ফলে তা যেন উপর থেকে তাদের উপর ভেঙ্গে পড়েছে। ফলে তাদের মূলনীতিগুলো ধসে পড়েছে এবং তাদের বুনিয়াদ ধ্বংস হয়ে গেছে। তারা তাঁর যুক্তি-প্রমাণসমূহকে প্রত্যাখ্যান করতে সক্ষম হল না এবং তাঁর বক্তব্যসমূহের সমালোচনা করতে পারল না; কেননা তাঁর বর্ণনাভিত্তিক ও যুক্তিভিত্তিক দলীল ও প্রমাণসমূহ এবং শান্তিপূর্ণ সমালোচনাগুলো প্রতিষ্ঠিত ছিল সুস্থ বুনিয়াদের উপর; ফলে তা তাদেরকে নির্বাক (লা-জওয়াব) করে দিল এবং তারা পৃষ্ঠ প্রদর্শন করল এমনভাবে তারা যেন ভীতসন্ত্রস্ত গাধা, যা সিংহের সম্মুখ হতে পলায়ন করে। তাই আমরা আল্লাহর কাছে দো'আ করি তিনি যেন শাইখুল ইসলামকে রহম করেন, পর্যাপ্ত পরিমাণে তাঁকে পুরস্কার দান করেন এবং তাঁর মর্যাদাকে সমুন্নত করেন। এখন আমি আপনাকে নিম্নোক্ত পাতাসমূহের দিকে মনোনিবেশ করার জন্য ছেড়ে দিচ্ছি; যাতে তা পাঠ করতে পারেন, তার দিকে দৃষ্টি দিতে পারেন এবং তা নিয়ে চিন্তাভাবনা করতে পারেন।

আল্লাহ সকলকে এমন কাজের তাওফীক দিন, যা তিনি ভালবাসেন ও পছন্দ করেন; আর তিনি তাঁর দীনকে বিজয়ী করুন, তাঁর কথাকে সমুন্নত করুন এবং আমাদেরকে এমন সব ব্যক্তিবর্গের অন্তর্ভুক্ত করুন, যাদেরকে তিনি ভালোবাসেন, আর তারাও তাঁকে ভালোবাসেন। ... আমীন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=12632

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন